

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১৯০

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭) ওযু করা এবং তা পরিপূর্ণ করার প্রতি উদ্ধুদ্ধ করণ

الترغيب في الوضوء وإسباغه

আরবী

(صحيح) وَعَنْ عقبة بن عامر رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال: ما مِنْ مُسْلِمٍ يَتَوَضَّأُ فَيُسْبِغُ الوُضُوْءَ ثُمَّ يَقُوْمُ فِيْ صلَاتِهِ فَيَعْلَمُ ما يَقُوْلُ إِلاَّ انْفَتَلَ وَهُوَ كَيوْمٍ وَلَدَتْهُ أُمُّهَ... الحديث. رواه مسلم وأبو داود والنسائي وابن ماجه وابن خزيمة والحاكم واللفظ له وقال صحيح الإسناد

বাংলা

১৯০. (সহীহ) উক্ববাহ বিন আমের (রাঃ) থেকে বর্ণিত। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ "যে কোন মুসলিম ব্যাক্তি ওযু করে এবং পরিপূর্ণরূপে তা সম্পাদন করে, অতঃপর সালাতে দন্ডায়মান হয়। সে জানে কি সে বলছে স্বীয় সালাতে, তবে সালাত থেকে সে ফিরে আসে এমন নিপ্পাপ অবস্থায় যে দিন তার মাতা তাকে ভূমিষ্ট করেছিল।"

(হাদীছটি বর্ণনা করেছেন মুসলিম ২৩৪, আবু দাউদ ১৬৯, নাসাঈ ১/১৪, ইবনু মাজাহ্ ৪৭০, ইবনু খুযায়মা ও হাকেম ২/৩৯৯, হাদীছের বাক্য হাকেমের। তিনি বলেন, সনদ সহীহ্)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন